

উড্ডয়নের আগ মুহূর্তে আগুন - অল্পের জন্য ২৯৪ যাত্রীর প্রাণ রক্ষা

- A Monitor Desk Report

Date: 22 April, 2025



ঢাকাঃ যুক্তরাষ্ট্রে ফ্লোরিডা বিমানবন্দরে উড্ডয়নের আগে একটি উড্ডোজাহাজে আগুন ধরে গেছে। এই ঘটনার পর তাৎক্ষণিক বের হয়ে আসেন যাত্রীরা। ফলে শেষ মুহূর্তে বেঁচে ফিরে আসেন তারা।

সোমবার (২১ এপ্রিল) সকালে অঞ্জরাজ্যটির অরল্যান্ডো আন্তর্জাতিক বিমানবন্দরে টারম্যাকে থাকা অবস্থায় ডেল্টা এয়ারলাইন্সের একটি উড্ডোজাহাজের ইঞ্জিনে হঠাৎ আগুন লাগার ঘটনা ঘটে।

জানা গেছে, আগুন লাগার সময় উড্ডোজাহাজটিতেই অবস্থান করছিলেন আরোহীরা। অপেক্ষা করছিলেন উড্ডয়নের জন্য। এসময় উড্ডোজাহাজে ২৮২ যাত্রী, ১০ কেবিন ক্রু এবং ২ জন পাইলট ছিলেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, উড্ডোজাহাজের ডান পাশের ইঞ্জিন থেকে ধোঁয়া ও আগুন বের হচ্ছে এবং যাত্রীরা ইনফ্লুটেবল জরুরি স্লাইড দিয়ে নামছেন। রানওয়েতে থাকা কর্মীরা উড্ডোজাহাজ থেকে যাত্রীদের নামিয়ে আনতে সাহায্য করছেন।

এদিকে আগুন নিভিয়ে ফেলে যাত্রীদের সরিয়ে নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিমানবন্দর কর্তৃপক্ষ। তবে এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এমনকি কি কারণে এই অগ্নিকাণ্ড ঘটলো সে বিষয়েও বিস্তারিত জানাতে পারেনি কর্তৃপক্ষ।

উড্ডোজাহাজ সংস্থাটি এক বিবৃতিতে বলেছে, উড্ডোজাহাজটির দুটি ইঞ্জিনের একটির টেলপাইপে আগুন দেখা গেলে ডেল্টা ফ্লাইট ক্রু যাত্রীদের কেবিনটি খালি করার পদ্ধতি অনুসরণ করে।

